বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

**জরুরি বিজ্ঞপ্তি**

নং শা-১/৪৩৮/সংস্থাপন তারিখ ঃ ০৯.০৫.২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) জারি করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে এতদ্‌সঙ্গে সংযোজিত সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ/রেজিস্ট্রার

নং শা-১/৪৩৮(১২০)/সংস্থাপন তারিখ ঃ ০৯.০৫.২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হল ঃ

০১. সকল অনুষদীয় ডীন/কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি/ছাত্র বিষয়ক উপদেষ্টা।
০২. রেজিস্ট্রার/ট্রেজারার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন।
০৩. পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/প্রফেসর মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় ল্যাবরেটরী/ প্রফেসর গোলাম আলী আকবর ফকির সীড প্যাথলজি সেন্টার /ইন্সটিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ/কৃষি মিউজিয়াম /পরিবহন/আইসিটি সেল/পিজিডি-ইন-আইসিটি প্রকল্প/ ইন্টারডিসিপিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)/ইন্সটিটিউটশনাল কোয়ালিটি এ্যাসুর্যান্স সেল (আইকিউএসি)/নিরাপত্তা কাউন্সিল/ মাৎস্যবিজ্ঞান মাঠ গবেষণা কমপ্লেক্স/হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট/ফিশ মিউজিয়াম অ্যান্ড জার্মপ্লাজম সেন্টার/ইন্টারন্যাশনাল ডেস্ক।
০৪. সকল বিভাগীয় প্রধান
০৫. পরিচালক, ভেটেরিনারি টিচিং হাসপাতাল
০৬. সকল হলের প্রভোস্ট এবং সুপার, পরমাণু বিজ্ঞানী ড.এম.এ ওয়াজেদ মিয়া পি-এইচ.ডি ডরমেটরি
০৭. প্রোক্টর
০৮. গ্রন্থাগারিক
০৯. চীফ মেডিক্যাল অফিসার
১০. প্রধান খামার তত্বাবধায়ক
১১. প্রধান প্রকৌশলী
১২. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা/ক্রীড়া প্রশিক্ষণ
১৩. প্রধান যন্ত্র প্রকৌশলী
১৪. এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-২/৩
১৫. চীফ সিকিউরিটি অফিসার
১৬. এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)
১৭. এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-৪/৫
১৮. সকল শাখা/অফিস প্রধান।
১৯. নির্বাহী মেডিক্যাল অফিসার, স্বাস্থ্য প্রতিষেধক শাখা।
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাকৃবি অতিথি ভবন ও কমিউনিটি সেন্টার।
২১. সহকারী রেজিস্ট্রার, পরিষদ বিভাগ।
২২. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর সদয় জ্ঞাতার্থে।
২৩. উপ-পরিচালক, প্রো-ভাইস চ্যান্সেলর সচিবালয়। মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর-এর সদয় জ্ঞাতার্থে।

রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর - ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭ / ০৭ মে ২০২০

# পরিপত্র

বিষয়ঃ 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' অনুসরণ।

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' প্রণয়ন করা হয়। উক্ত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা এবং এ ক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার বিষয়ে উল্লেখ করা হয়।

০২। উল্লিখিত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যমে দাপ্তরিক এবং ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিহারযোগ্য বিষয়াদি উল্লেখ রয়েছে। এরূপ নির্দেশনার আলোকে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার গণকর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

(ক) সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(খ) জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে;

(গ) কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরূপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(ঘ) জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোনো সার্ভিস/পেশাকে হেয় প্রতিপন্ন করে এমন কোনো পোস্ট দেয়া হতে বিরত থাকতে হবে;

(ঙ) লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না;

(চ) জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয় লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ বা শেয়ার করা যাবে না;

(ছ) ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার হতে বিরত থাকতে হবে;

(জ) অন্য কোনো রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরূপ মন্তব্য সম্বলিত কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে।

০৩। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবস্থাপনার ক্ষেত্রে 'কন্টেন্ট' ও 'ফ্রেন্ড' সিলেকশনে সকলকে সর্তকতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্টের জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সে জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭/০৫/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd